



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নোয়াখালী সরকারী কলেজ, নোয়াখালী

ফোনঃ ৮৮-০৩২১-৬১৫৯৪ (নতুন ক্যাম্পাস). ০৩২১-৬২২৯৯(পুরাতন ক্যাম্পাস)

ই-মেইল: ngc_principal@yahoo.com

তারিখঃ ০৯.১০.২০২৩খ্রি.

বিজ্ঞপ্তি

নোয়াখালী সরকারী কলেজের শিক্ষার্থী এবং বিভাগীয় প্রধানবৃন্দ, একাদশ, দ্বাদশ ও ডিগ্রি (পাস) কোর্স কো-অর্ডিনেটরবৃন্দকে জানানো যাচ্ছে যে, নোয়াখালী সরকারী কলেজের সাহিত্য ও সংস্কৃতি সপ্তাহ-২০২৩ এর বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী ১৫.১০.২০২৩ খ্রি. তারিখে সংশ্লিষ্ট বিভাগে ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে প্রতিযোগিতার আয়োজন করে বাছাইকৃত প্রতিযোগীদের নামের তালিকা নির্ধারিত ছকে আগামী ১৬.১০.২০২৩ খ্রি. তারিখ বেলা ১২:০০ টার মধ্যে কমিটির কাছে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রতিযোগিতার বিষয়সমূহ নিম্নরূপ:

প্রতিযোগিতার বিষয়সমূহ (ইভেন্ট) :

গ্রুপ-১	গ্রুপ-২
ক্বিরাত	রবীন্দ্রসংগীত
হামদ/না'ত	নজরুলসংগীত
গীতাপাঠ	লোকসঙ্গীতি
বাংলা কবিতা আবৃত্তি	আধুনিক গান
ইংরেজি কবিতা আবৃত্তি	দেশাত্মবোধক গান
পুঁথিপাঠ	নৃত্য
উপস্থিত বক্তৃতা	একক অভিনয়
নির্ধারিত বিষয়ে বাংলা প্রবন্ধ রচনা (উপস্থিত হয়ে লিখতে হবে)	

- ১। একজন শিক্ষার্থী একটি গ্রুপ থেকে সর্বোচ্চ দুইটি এবং দুই গ্রুপ মিলে সর্বোচ্চ চারটি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।
 - ২। অনার্স, প্রিলিমিনারি টু মাস্টার্স ও মাস্টার্স শেষ পরের শিক্ষার্থীরা নিজ নিজ বিভাগে নাম জমা দিবে। বিভাগীয় প্রধান প্রত্যেক ইভেন্টে প্রাপ্ত নাম থেকে বাছাই করে একটি নাম কমিটির নিকট প্রেরণ করবেন।
 - ৩। ডিগ্রি (পাস) শিক্ষার্থীরা ডিগ্রি (পাস) কোর্সের কোর্স কো-অর্ডিনেটরের নিকট নাম জমা দিবে। কোর্স কো-অর্ডিনেটর প্রত্যেক ইভেন্টে প্রাপ্ত নাম থেকে বাছাই করে একটি নাম কমিটির নিকট প্রেরণ করবেন।
 - ৪। একাদশ এবং দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শাখার কোর্স কো-অর্ডিনেটরের নিকট নাম জমা দিবে। একাদশ শ্রেণির কোর্স কো-অর্ডিনেটরগণ প্রত্যেক ইভেন্টে প্রাপ্ত নাম থেকে বাছাই করে একটি নাম কমিটির নিকট প্রেরণ করবেন।
- দ্বাদশ শ্রেণির কোর্স কো-অর্ডিনেটরগণ প্রত্যেক ইভেন্টে প্রাপ্ত নাম থেকে বাছাই করে একটি নাম কমিটির নিকট প্রেরণ করবেন।
- সম্মানিত বিভাগীয় প্রধান এবং কোর্স কো-অর্ডিনেটরগণকে ইভেন্টভিত্তিক বাছাইকৃত প্রতিযোগীদের নামের তালিকা সংযুক্ত ছকে আগামী ১৬.১০.২০২৩ তারিখে মধ্যে আহবায়ক, "সাহিত্য ও সংস্কৃতি সপ্তাহ- ২০২৩ কমিটি" এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রতিষ্ঠাক্ষর

অধ্যক্ষ ০৯/১০/২৩

নোয়াখালী সরকারী কলেজ

নোয়াখালী

আহবায়ক

সাহিত্য ও সংস্কৃতি সপ্তাহ- ২০২৩ কমিটি

নোয়াখালী সরকারী কলেজ

নোয়াখালী।